- বিসমিল্লাহির রহমানির রাহিম সবাইকে আমার সালাম ও শুভেচ্ছা জানিয়ে শুরু করছি আমার আজকের লেখালিখি ব্যস্ততার কারণে অনেকদিন টিউনারপেইজে আসতে পারেনি এই জন্য দুঃখিত,এখন আসল কথায় আসি বাংলাদেশের অনেক অঞ্চলের মানুষ চট্টগ্রামের ভাষা শিখতে খুব আগ্রহী অবশ্যই এই ভাষাটা কৌতুহল বসত শিখা তাই আজকে চট্টগ্রামের ভাষার উপর টিউটরিয়াল নিয়ে হাজির হয়েছি.....হয়তবা আপনারা পুরাপুরি চট্টগ্রামে ভাষা বলতে না পারলেও মোটা মোটি বলতে পারবেন...এই আশা রেখে শুরু করছি আজকের টিউন.....

- চট্টগ্রামের ভাষা শিখুন...

- **১ম ধাপ:**

- *সাধারণ কথোপকথন.....*

- (এখানে তুই/নি ব্যবহার করা হবে বন্ধুদের জন্য আর অনে/তুঁই/না ব্যবহার হয় বড়দের ক্ষেত্রে এবং চন্দ্রবিন্দু দেখলে মনে করতে হবে সেটা বড়জনদের ক্ষেত্রে এবং সাধারণ মানুষের সাথে কথা বলার ক্ষেত্রে ব্যবহার করা হয় অর্থাৎ ছোটদের ক্ষেত্রে এবং বন্ধুদের ক্ষেত্রে চন্দ্রবিন্দু থাকে না)

- *আমি=আঁই

- *আমরা=আঁরা

- *তুমি=তুঁই/তুই
- *তোমরা=তোঁয়ার/তোরা
- *আপনি=অনে
- *যাব=যায়ুম
- *খাব=হায়ুম
- *কোথায়=হডে
- *সে বলছে=ইতে হয়-ই
- *তুমি কি যাবে সেখানে?= তুঁই এন্ডে যাইবেনা?/তুই এডে যাবিনি
- *আপনার বাড়ী কোথায়=অনের বাড়ী হডে
- *তুমি কোথায় যাবে?=তুঁই হডে যাইবে/তুই হডে যাবি?
- *আপনি এখন কি করছেন?=অনে এহন কিত্তে লাইগ্‌গুন?
- *তুমি এখন কি করছ?= তুঁই এহন কিত্তে লাইগ্‌গু/তুই এহন কিরর/তুই এহন কি গরর?
- *তুমি দুপুরে কি দিয়ে ভাত খাও?=তুঁই দুইজ্জে কিদি ভাত হ

- *আমি সেখানে গিয়েছিলাম তুমি কি ওখানে গিয়েছিলে?=আঁই ওডে গেলাম তুঁই এডে গেলানা/আই এডে গেলাম তুই এডে গেলিনা?

- *ছেলেটি খুব দুষ্ট=পুয়া ইবে বহুত/বোত শতান

- ***২য় ধাপ: সাধারণ কথোপকথন.....

-

- চট্টগ্রাম :- সিটি গেইট

- *কিরে কি অবস্থা কেমন আছিস অথবা কেমন আছেন(বড়দের ক্ষেত্রে)- কিরে কি অবস্থা কেন আচচ অথবা কেন আচন(বড়দের ক্ষেত্রে)।

- *ভাল আছস/ভাল আছেন- ভালা আচচনি/ভালা আচন্নি।

- ***হাঁ ভাল আছি আপনি/তুই ভাল আছেন/আছিস- জি/অ ভালা আছি অনে/তুই ভালা আচন/আচচ না?**

- ***না ভাল নাই অসুস্থ গায়ে জ্বর- না ভালা নাই অসুখ গাজ্জর ।**

- ***এখন আপনারা/তোমরা/তোরা কোথায় যাবেন/যাবা/যাবি- এহন অনেরা/তোয়ারা/তোরা হডে যাইবেন/যাইবে/যাবি ।**

- **তাহলে আমিও আপনাদের/তোমাদের/তোদের সাথে যাব- তইলি আইও অনেরার ল/ তোয়ারার ল/তোরার ল যাইয়ুম অথবা তইলি আইও অনেরার লগে/ তোয়ারার লগে/তোরার লগে যাইয়ুম।**

- ***কেন? আপনাকে/তোমাকে/তোকে যেতে হবে না- কিয়া? অনেততুন/তোয়ারতুন/তুরতুন যন পইরতুনু ।**

- ***কেন আমাকে নিয়ে গেলে কোন সমস্যা- কিয়া আরে লইগেলি হন সমস্যা?**

- ***না তুমি যেওনা ওখানে তোমার ওখানে কোন কাজ নেই- না তুই ন যাইছ্ এড়ে তোর এড়ে হন হাজ নাই।**

- ***আর আরেকটা কথা তুমি সেখানে গেলে আমাদের সমস্যা হবে- আর আরেককান হতা তুই এড়ে যাইলি আরার সমস্যা অইবু ।**

- ***ঠিক আছে আমি যাবনা তাহলে আপনারা/তোমরা/তোরা যান/যাও/যা- ঠিক আছে আই যাইতান্ন তইলি অনেরা/তোয়ারা/তোরা যন/য/যা ।**

- ***আপনি/তুমি/তুই কি রাগ করেছেন/করেছ/করেছিস- অনে/তুয়ই/তুই কি রাগ/গুস্‌সা গরজুইন/গরজু/গরজুস/অয়ুছ না?**

- ***কার সাথে- হার লগে ।**

- ***আমার সাথে- আর লগে ।**

- ***আপনার/তোমার/তুর সাথে- অনের/তোয়ার/তুর লগে ।**

-

- **ছবিঃ- চট্টগ্রাম ফয়েজলেক**

- **সাধারণ কথোপকথন ৩য় ধাপঃ**

- **অপরিচিত লোকের সাথে কোন কিছু সম্পর্কে জিজ্ঞাসা বা জানতে যে কথোপকথন হয় তা আজ আলোচনা করব,**

- *হ্যালো ভাইয়া আপনি কি এই জায়গাটা চিনেন – হ্যালো ভাই অনে কি এ জাগা ইয়েন চিনন না।
- *জি ভাই চিনি- অ/হা ভাই চিনি।
- *না ভাই চিনি না- না ভাই ন চিনি।
- *এটা এখান থেকে কতদূর- ইয়েন এডেততুন হদ্দুর দুরে।
- *এই তো সামান্য কিছুর দুর পরেই জায়গাটা- এই তো সামান্য হদ্দুর পরে জাগা ইয়েন পাইবেন ।
- *আপনি কোথায় যাবেন- অনে হডে যাইবেন।
- *আমিও সেখানে যাব- আই ও এডে যাইয়ুম।
- *আমি এর চেয়ে আরো যাব-আই এডেত্তুন আরো দুরে যাইয়ুম।
- *আপনি তাহলে আমাকে একটু বলবেন জায়গাটা আসলে- অনে তইলি আরে এখখানা হইয়ুন জাগা ইয়েন আইলি ।
- *আপনার বাড়ী কোথায়- অনের বাড়ী হডে।
- *আমার বাড়ী.....- আর বাড়ী.....

- *আপনি কি করেন- অনে কি গরন।
- *জব করেন না পড়ালেখা করেন- জব গরন না পরালেহা গরন।
- *পড়ালেখা কোথায় করেন- পরালেহা হডে গরন।
- *কোন ইয়ারে কোন সাবজেক্টে নিয়ে পড়ছেন- হন ইয়ারত হন সাবজেক্ট লই পড়তে লাইগগুন।
- *..ইয়ার...সাবজেক্ট- ...ইয়ারত....সাবজেক্ট।
- *জব করেন কোন জায়গাতে/কোথায়- জব গরন হন জাগাত/হডে।
- *কয়বছর ধরে আছেন- হ বছর ধরি আছন।
- *আপনি গাড়ি ভাড়া দিয়েন না আমি দিই- অনে গাড়ি ভাড়া ন দিওন আই দি ।
- *না ভাই আমিই দি- না ভাই আই দি ।
- *আপনার নাম্বারটা দেন- অনের নাম্বার গ দন ।
- *ঠিক আছে ভাই আবার দেখা হবে- ঠিক আছে আবার দেহা অইবু ।